Beveridge News-Bangladesh

April to June 2013, Edition- 16

বেভারিজ নিউজ-বাংলাদেশ

এপ্রিল থেকে জুন- ২০১৩, সংখ্যা -১৬

Organogram of DACB

Dementia Awareness Campaign in Bangladesh (DACB) by SWBF

বাংলাদেশে ডিমেনশিয়া রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন তিন বছর মেয়াদী Dementia Awareness Campaign in Bangladesh(DACB) নামে একটি উদ্যোগ হাতে নিয়েছে।এই উদ্যোগ সফল করার নিমিত্তে এই প্রকল্পের অর্গানোগ্রাম , ষ্টাফ ও তাঁদের দায়িত্ব ঠিক করা হয়। এই প্রকল্পে ১জন মেডিকেল ডাইরেক্টর, ১ জন হেড অব ডিমেনশিয়া, ১ জন এ্যাডমিন অফিসার, ৩ জন লিড ডিমেনশিয়া অফিসার ও ১ জন এ্যাডমিন সহকারী কর্মরত আছেন। এছাড়াও প্রজেক্ট এর বিভিন্ন কর্মকান্ডে সমন্বয়ের জন্য ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী কাজ করে যাচ্ছেন।

Sir William Beveridge Foundation has already launched a 3- year long programme titled: Dementia Awareness Campaign in Bangladesh (DACB). The organogram has been set staff detailed with specific responsibilities duly assigned. Besides, Core staff of The Foundation is also well – disposed to see successful prosecution of the initiative.

মেডিকেল ডাইরেক্টর ও হেড অব ডিমেনশিয়া কর্তৃক বিভিন্ন হাসপাতাল ও প্রতিষ্ঠান পরিদর্শন:

মেডিকেল ডাইরেক্টর ও হেড অব ডিমেনশিয়া দেশের বেশ কিছু প্রখ্যাত হাসপাতাল ও প্রতিষ্ঠান পরিদর্শন করেন। ডিমেনশিয়া রোগ সংশ্লিষ্ঠ পেশাজীবি চিকিৎসকদের সংগে সাক্ষাৎ করে তাঁরা ‘ডিমেনশিয়া সচেতনতা ক্যাম্পেইন’ সম্বন্ধে তাঁদের পরামর্শ নেন। সংশ্লিষ্ঠ বিশেষজ্ঞ যেমন নিউরোলজিষ্ট, সাইকিয়াট্রিষ্ট ও ক্লিনিক্যাল সাইকোলজিষ্ট ও অন্যান্য বিশেষজ্ঞ চিকিৎসকগন ক্যাম্পেইন এর ব্যাপারে উৎসাহ দেখান এবং প্রয়োজনে তারাও সক্রিয়ভাবে ক্যাম্পেইন এর বিভিন্ন কর্মকান্ডে অংশ নেয়ার জন্য ইচ্ছা প্রকাশ করেন। সাক্ষাৎ করা ব্যক্তিবর্গের মধ্যে উল্লেখযোগ্য- জাতীয় মানসিক স্বাস্থ্য ইনষ্টিটিউট এর পরিচালক অধ্যাপক (ডাঃ) মোঃ ওয়াজিউল আলম চৌধুরী, ঢাকা মেডিকেল কলেজ এর নিউরোলজি বিভাগের অধ্যাপক (ডাঃ) মোঃ আজহারুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক কামাল উদ্দিন চৌধুরী এবং প্রবীণ হাসপাতাল ও জরা বিজ্ঞান ইনষ্টিটিউট এর মহাসচিব ড. এ এস এম আতিকুর রহমান, তাঁদের মধ্যে উল্লেখযোগ্য।

Medical Director seen with pro vice chancellor , BSMMU

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

Medical Director seen with Dr ASM Atiqur Rahman, Secretary General, Institute of Geriatric Medicine

The Medical Director (MD) and the Head of Dementia visit hospitals and institutes: they paid visit to a few hospitals and institutes, called on medical professionals to seek advice on the initiative. The professionals evinced keen interest to be associated with the program. Included amongst them are: Prof. (Dr.) M Wajiul Alam Chowdhury. Director National Institute of Mental Health, Prof. (Dr.) M. Azharul Haque, of Neurology Department. Dhaka Medical College, Associate Professor Kamal Uddin Chowdhury. Clinical Psychology Department of Dhaka University and Dr. ASM Atiqur Rahman, Secretary General, Institute of Geriatric Medicine.

Baseline Survey Undertaken by SWBF

ডিমেনশিয়া সচেতনতা প্রকল্প শেষে এর ফলাফল (Outcome) কতটুকু হলো বা আমরা কী অর্জন করলাম তার জন্য বাংলাদেশে বিশেষত ঢাকা শহরে ডিমেনশিয়া সম্পর্কে বর্তমান পরিস্থিতি কি তা জানার প্রয়োজন অনুভূত হয়। তারই প্রেক্ষিতে এই সার্ভের কাজ হাতে নেয়া হয়। এই সার্ভের উদ্দেশ্য হলো ডিমেনশিয়া রোগের বর্তমান পরিস্থিতি যেমন রোগ নির্ণয়, চিকিৎসা, সেবা প্রদান, স্বাস্থ্য ও সমাজ সেবা পেশাজীবি, চিকিৎসক, সরকারী নীতি নির্ধারক, ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তির পরিবারের সদস্য ও সাধারণ মানুষের মধ্যে এই রোগ সম্পর্কে জ্ঞান ও সচেতনতা কতটুকু তা নির্ণয় করা।

The Dementia baseline survey discussion by the consultant Mr. Goyanath Sarker

সমাজের বিভিন্ন স্তরের মানুষের মধ্যে এই জরিপ করা হচ্ছে যেমন :

- সাইকিয়াট্রিষ্ট, ক্লিনিক্যাল সাইকোলজিষ্ট ও নিউরোলজিষ্টদের সাক্ষাৎকার।
- বেসরকারী হাসপাতাল ও ক্লিনিকের মালিক বা উর্ধ্বতন কর্মকর্তা বা ব্যবস্থাপকদের সাক্ষাৎকার ।
- স্বাস্থ্য মন্ত্রণালয় বা স্বাস্থ্য অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের সাক্ষাৎকার।
- নিউরোলজিষ্ট, মানসিক রোগের চিকিৎসা প্রদান করা হয় এমন প্রতিষ্ঠানের প্রধান বা উর্ধ্বতন কর্মকর্তাদের সাক্ষাৎকার ।
- ডিমেনশিয়া রোগ ও এ রোগে আক্রান্তদের প্রতি সাধারণ জনগণের জ্ঞান, দৃষ্টিভঙ্গি ও অনুশীলন সম্পর্কিত সাক্ষাৎকার ।
- ডিমেনশিয়া রোগ ও এ রোগে আক্রান্তদের প্রতি সাধারণ চিকিৎসকদের (General Practitioners) জ্ঞান, দৃষ্টিভঙ্গি ও অনুশীলন সম্পর্কিত তথ্যের জন্য সাক্ষাৎকার ।
- ডিমেনশিয়া রোগ ও এ রোগে আক্রান্তদের প্রতি পরিবারের সদস্য ও পারিবারিক সেবাদানকারীর জ্ঞান, দৃষ্টিভঙ্গি ও অনুশীলন সম্পর্কিত তথ্যের জন্য সাক্ষাকার ।

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

- ডিমেনশিয়া রোগ ও এ রোগে আক্রান্তদের প্রতি পেশাজীবী সেবাদানকারীদের জ্ঞান, দৃষ্টিভঙ্গি ও অনুশীলন সম্পর্কিত তথ্যের জন্য সাক্ষাৎকার |

বেস লাইন সার্ভে অন ডিমেনশিয়া গত ০১ মে ২০১৩ শুরু হয়েছে। আশা করা যাচ্ছে আগষ্ট ২০১৩ এর মধ্যে এই সার্ভে শেষ হবে।

A Baseline Survey has been undertaken by the Foundation to ascertain the current state of awareness on Dementia its treatment, availability of Care Support etc in the country especially in Dhaka city area. Mr. Goyanath Sarker has been appointed as the Consultant for this survey.

A briefing session of Dementia Survey in DACB

The baseline survey is being conducted amongst:

-Psychiatrist, Clinical Psychologist and Neurologist,

-Top Management of private hospitals and Clinics,

-Officials of Ministry of Health.

-Family members of persons affected by Dementia,

- Professionals persons involved in caring person with Dementia etc.

ডিমেনশিয়া বাংলাদেশ ওয়েবসাইট

স্যার উইলিয়াম ফাউন্ডেশনের **'ডিএসিবি'** প্রকল্পের কার্যক্রমকে বেগবান করতে এবং দেশে বিদেশে সবাইর কাছে এর তথ্য প্রদানের জন্য একটি আলাদা ওয়েব সাইটের প্রয়োজন অনুভূত হয়। গত মে ২০১৩ www.dementiabangladesh.org ওয়েব সাইটের উন্নয়ন কাজ শুরু হয় এবং জুন ২০১৩ ওয়েব সাইটের প্রাথমিক কাজ শেষ হয়। প্রকল্পের বিভিন্ন কার্যক্রম ও তথ্য ওয়েব সাইটে সন্নিবেশিত করা হচ্ছে। আশা করা যায় যুগপোযুগী এই তথ্য প্রযুক্তির দ্বারা **'ডি এসিবি'** তার লক্ষ্য, উদ্দেশ্যে সকলের মাঝে উপস্থাপন করতে সক্ষম হবে এবং 'ডিমেনশিয়া এ্যাওয়ারনেস ক্যাম্পেইন ইন বাংলাদেশ' **(ডিএসিবি)** নামে প্রকল্পটি ব্যাপক পরিচিতি লাভ করবে।

The HOB speaks on the Opening of DACB website

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

Dementia Bangladesh website launched

To at this momentum to the DACB initiative of the foundation a website has been developed and launched on an experimental basis so as to reach out to millions at home and abroad. The website is: www.dementiabangladesh.org

ফ্রাঙ্ক জে. শেফার এর ফাউন্ডেশন ভিজিট

২০০৯ সাল থেকে আলঝাইমার্স অস্ট্রেলিয়া (ডব্লিউএ) লিঃ এবং বেভারিজ ফাউন্ডেশান যৌথভাবে কাজ করে আসছে। ইতমধ্যে আলঝাইমার্স অস্ট্রেলিয়া লিঃ এর চীফ এক্সিকিউটিভ অফিসার ফ্রাঙ্ক জে. শেফার ডিমেনশিয়া ইস্যু নিয়ে বেশ কয়েকবার বাংলাদেশ ভিজিট করেছেন। তিনি দীর্ঘদিন যাবৎ দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশে ডিমেনশিয়া নিয়ে কাজ করে আসছেন। তারই ধারাবাহিকতায় তিনি বিগত ২৭ মে থেকে ১ জুন ২০১৩ পর্যন্ত ফাউন্ডেশন এর বাংলাদেশ অফিস ভিজিট করেন। ২৯ মে ডিএসিবি-র মেডিকেল ডিরেক্টর (এমডি) লেঃ কর্নেল. (অবঃ) ডাঃ এ এন এম শহীদুল আলম এবং হেড অব ডিমেনশিয়া (এইচডি) রাশেদ সোহ্‌রাওয়ার্দী ডিমেনশিয়া এ্যাওয়ারনেস ক্যাম্পেইন এর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য গৃহীত কর্মসূচীর অগ্রগতি সম্পর্কে মি. শেপারকে অবহিত করেন। এরপর ডিমেনশিয়া বিষয়ের উপর নির্মিত ফিল্মটি দেখানো হয়। ফিল্মটি দেখে তিনি ভুয়সী প্রশংসা করেন। ডিমেনশিয়া এ্যাওয়ারনেস ক্যাম্পেইন এর অগ্রগতি নিয়ে আলাপ-আলোচনা করেন এবং নভেম্বর ২০১৩ অনুষ্ঠিতব্য 'ইন্টারন্যাশনাল কনফারেন্স' এর সফল আয়োজনের জন্য তিনি কিছু উপদেশ দেন।

Frank J. Schaper sharing his experiences with Care Staff

HOB & a CCA handing over a memento to Frank

Frank J. Schaper, former CEO of Alzheimer's Australia (WA) Ltd. paid yet another visit to the Foundation between May 27 and June 01, 2013. He paid visit, Home Care Service, got a briefing on DACB by the MD. Lt. Col (Dr.) A N M Shahidul Alam (Retd) and Head of Dementia Mr. Rashed

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

Suhrawardy. He was shown a film on Dementia being made . He much appreciated that also concluded that the Home Care Service of SWBF is a very effective and economic model worth promoting amongst the international crowd.

Visiting Client

Frank J. Schaper seen with Core Staff

‘বীর শ্রেষ্ঠ মতিউর রহমান ফাউন্ডেশন’ এর সভাপতি-র ফাউন্ডেশন ভিজিট

১ এপ্রিল ২০১৩ বীর শ্রেষ্ঠ মতিউর রহমান এর স্ত্রী মিলি রহমান ফাউন্ডেশন ভিজিট করতে আসেন। তিনি ‘বীরশ্রেষ্ঠ মতিউর রহমান ফাউন্ডেশন‘ এর সভাপতি। তিনি ফাউন্ডেশনের সার্বিক কর্মকান্ড সম্পর্কে জেনে বাংলাদেশে এমন ধরনের একটি মহতি উদ্যোগে রীতিমত বিস্মিত হন। তাই যাবার সময় মন্তব্য খাতায় তিনি লিখলেন– “মুগ্ধ হলাম, মানুষের পাশে মানুষ দাড়িয়ে তার সেবার মনোভাব দেখবার যে সুন্দর প্রয়াস এখানে দেখলাম তাতে আমি মুগ্ধ হলাম অনেক কিছু শিখলাম সাথে করে অনেক অভিজ্ঞতা নিয়ে গেলাম যা আমাকে সামনে এগিয়ে চলতে অনেক সাহায্য করবে।”

Mili Rahman with the HOB

Mrs. Mili Rahman, wife of Bir Shrestho Motiur Rahman paid a visit the Foundation on April 01, 2013. She is the Chairperson of the Bir Shrestho Motiur Rahman Foundation. She duly appreciated our field works in general and home care service in particular.

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

জেলা প্রশাসক, ঢাকা অফিসের কর্মকর্তার ফাউন্ডেশন ভিজিট

ঢাকা জেলা প্রশাসক এর কার্যালয় থেকে ফাউন্ডেশনের কার্যক্রম পরিদর্শন করতে মেজিস্ট্রেট জনাব তারিক হাসান গত ২০ জুন ২০১৩ তারিখ ফাউন্ডেশন ভিজিট করেন। এ সময় তিনি ফাউন্ডেশনের সার্বিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা নেন।

Mr. Tarique Hasan seen with the Core Staff

Magistrate Mr. Tarique Hasan, duly deputed by the office of the Deputy Commissioner, Dhaka paid visit to carry out a stoke taking of our activities in Dhaka district.

সিসিএ পন্যুয়েল এবং সিসিএ জুলির বিবাহ উত্তর সংবর্ধনা

বিগত ৫ জুন ২০১৩ ফাউন্ডেশনের সিসিএ পনুয়েল এবং সিসিএ জুলির বিবাহ পরবর্তী এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ফাউন্ডেশন এ প্রথম বারের মত এধরনের ঘটনা - তাই অনুষ্ঠানটি ছিল সম্পূর্ণ ব্যতিক্রমধর্মী। উক্ত অনুষ্ঠানে এইচওবি নিজে উপস্থিত থেকে আনন্দঘন পরিবেশের মধ্যে দিয়ে তাদের নতুন দাম্পত্য জীবনের শুভ কামনা করে অনুষ্ঠানের ইতি টানেন।

Post Marriage Reception hosted for CCA Ponuel & CCA Juli

CCA Panuel and CCA July Bonowary got married recently. This is for the first time that the married couple was from amongst the family of The Foundation. A reception was arranged on June 05, 2013 in their honor in which HOB and all other Core staff were present.

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

স্যার ইউলিয়াম বেভারিজ ফাউন্ডেশান যুক্তরাজ্য ভিত্তিক একটি আন্তর্জাতিক সেবামূলক সংস্থা। ফাউন্ডেশান মনে প্রাণে বিশ্বাস করে, "সেবাই ধর্মসেবাই কর্ম।" বিশ্ব অর্থনীতি, জলবায়ুর প্রতিকূল প্রভাব, বিশ্বায়নের নেতিবাচক প্রভাবে আধুনিক সমাজ ব্যবস্থা, ব্যস্ততা ও নগারয়নের ফলে ইচ্ছা থাকা সত্ত্বেও আমরা আমাদের পরিবারের পরম শ্রদ্ধেয় বয়োবৃদ্ধদের সঠিক পরিচর্যা ও সেবা দিতে ব্যর্থ হচ্ছি। আর সে কারণেই আমরা **'হোম কেয়ার সার্ভিস'-এর** মাধ্যমে দক্ষ নার্সদের বাড়িতে পাঠিয়ে নিম্নে বর্ণিত সেবাগুলো প্রদান করে থাকি:

স্বাস্থ্য সেবা (সেবা গ্রহণকারী)

- ❖ ফিজিওথ্যারাপি (বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী)
- ❖ ডায়াবেটিক চেক করা
- ❖ ব্লাড প্রেশার চেক করা
- ❖ ড্রেসিং/আনড্রেসিং করা (ডাক্তারের পরামর্শ অনুযায়ী)
- ❖ ক্যাথেটার সেটিং
- ❖ ঔষধ খাইয়ে দেয়া (ডাক্তার ও অভিভাবকের নির্দেশ অনুযায়ী)

গৃহস্থালির পরিচর্যা (সেবা গ্রহণকারী)

- ❖ বিছানা পত্র পরিপাটি করা
- ❖ কাপড় চোপড় গুছিয়ে রাখা
- ❖ বিছানার চাদর পরিবর্তন করা
- ❖ খাবার গরম করে দেয়া
- ❖ সেবা গ্রহীতার ঘর পরিষ্কার করা

ব্যক্তিগত পরিচর্যা (সেবা গ্রহণকারী)

- ❖ হাঁটা চলাতে সাহায্য করা
- ❖ ধরে ধরে হাঁটানো
- ❖ খাওয়া-দাওয়া করানো
- ❖ বিছানা থেকে ওঠানো
- ❖ বিছানায় নিয়ে শোয়ানো
- ❖ চুল ধুয়ে মুছে আঁচড়িয়ে দেয়া
- ❖ গোসল করানো/গা স্পঞ্জ করানো
- ❖ পোশাক পরিবর্তন করা
- ❖ হাত ও পায়ের নখ কেটে দেয়া
- ❖ দাঁত মেজে দেয়া
- ❖ টয়লেটিং-এ সাহায্য করা
- ❖ সেবা গ্রহণকারীকে সঙ্গ দেয়া

উল্লেখ্য: প্যালিয়েটিভ কেয়ার এবং আলঝাইমারস্ রোগে আক্রান্ত ব্যক্তিদের আমরা সেবা দিয়ে থাকি।

আমাদের সেবা পেতে যোগাযোগ করুন:

ফাতেমা আক্তার - ০১৭৩ ০০৫ ৭৪০৩, শিল্পী আক্তার - ০১৭৩ ০০৫ ৭৪০৭, সুখরঞ্জন বাড়ৈ - ০১৭৩ ০০৫ ৭৪০৮

Sir William Beveridge Foundation

Dhaka Office:	**London Office:**	**Sylhet Office:**
52/1, New Eskaton Road	2-10, Osborn Street	21,Housing Estate(1st Floor)
Hasan Holdings (6th floor)	1st Floor North	Ambarkhana
Dhaka – 1000.	London E1 6TD	Sylhet 3100.
Bangladesh	United Kingdom	Cell: 00 88 01733 222999
Tel: 88 02 9353633	Tel: +44 20 73770097	
Fax: 88 02 9361500	Fax: +44 02 272478890	
E-mail: hob.swbf@hotmail.com	E-mail: info@beveridgefoundation.org	

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262